# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো তার মুসলিম ভাইয়ের মন জয় করা, যদি তাতে কুরআন-সুন্নাহ পরিপন্থী কিছু না থাকে

ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْمَرْءِ اسْتِمَالَةَ قَلْبِ أَخِيهِ الْمُسْلِمِ بِمَا لَا يَحْظُرُهُ الْكِتَابُ وَالسُّنَّةُ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَفَّانُ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ: أَنَّ رَجُلًا قَامَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: أَيْنَ أَبِي؟ قَالَ: (فِي النَّارِ) فَلَمَّا قَفَّى دَعَاهُ فقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ أَبِي وأباك في النار.)
الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 577 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৭৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন: “আমার বাবা কোথায় আছেন?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “জাহান্নামে।” অতঃপর লোকটি যখন চলে গেলো, তখন তাকে ডেকে বললেন: “নিশ্চয়ই আমার বাবা এবং তোমার বাবা উভয়েই জাহান্নামে আছে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২০৩; ইবনু মিন্দাহ, ঈমান: ৯২৬; মুসনাদ আহমাদ: ৩/২৬৮; আবু দাউদ: ৪৭১৮; বাযযার: ৯৩; তাবারানী, আল কাবীর: ৩২৬; মাজমা‘উয যাওয়াইদ: ১/১১৭।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৫৭৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89044

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন